

এছাড়া ধলাই জেলায় ৩৯, দক্ষিণ জেলায় ৭১, খোয়াই জেলায় ৪৮, উনকোটি জেলায় ৯৫, গোমতী জেলায় ৫৪, উত্তর জেলায় ৭৪ এবং সিপাহিজলা জেলায় ৫৭জন আক্রান্ত শনাক্ত হয়েছেন। এখন পর্যন্ত ত্রিপুরায় করোনা আক্রান্ত শনাক্ত হয়েছেন ৫৮ হাজার ৯৩জন। তাদের মধ্যে করোনামুক্ত হয়েছেন ৫২ হাজার ১৫৩জন। রাজ্যে পজিটিভের হার ৫.২০ শতাংশ। গত এক সপ্তাহে এই হার নেমেছে। এখন পর্যন্ত ত্রিপুরায় ১১ লক্ষ ১৭ হাজার ৭৩ জনের সোয়াব পরীক্ষা হয়েছে। এদিকে, উত্তরপূর্ব ভারতে আক্রান্তের তালিকায় দ্বিতীয় স্থানে থাকা ত্রিপুরার কাছাকাছি চলে এসেছে মণীপুর। এই রাজ্যে মোট আক্রান্ত শনাক্ত হওয়ার সংখ্যা ৫৮ হাজার ৮১জন। ত্রিপুরা থেকে মাত্র ১২জন কম। মৃত্যুর সংখ্যাও এই রাজ্যে বেড়েছে। সবচেয়ে বেশি অবশ্য অসমে এখন পর্যন্ত ৪ লক্ষ ৫০ হাজারের উপর করোনা আক্রান্ত শনাক্ত হয়েছেন। এদিকে দেশে ২৪ ঘণ্টায় আরও ৯১ হাজার আক্রান্ত শনাক্ত হলো। ২৪ ঘণ্টায় মারা গেছেন ৩ হাজার ৪০৩জন। আগের দিনের তুলনায় প্রায় অর্ধেক। বৃহস্পতিবারই দেশে করোনায় ২৪ ঘণ্টায় মৃত্যুর সব রেকর্ড ভেঙে দিয়েছিলো। ৬ হাজারের উপর আক্রান্ত মারা গিয়েছিলেন বৃহস্পতিবার। • এরপর দুইয়ের পাতায়

## থানার সামনে বিক্ষোভ

প্রতিবাদী কলম প্রতিনিধি, কাঁঠালিয়া, ১১ জুন : শুক্রবার আচমকা হিন্দু নাগরিক সমাজ নামক এক সংগঠনের ব্যানার নিয়ে কিছু লোকজন যাত্রাপুর থানার সামনে এসে বিক্ষোভ প্রদর্শন করেন। তারা অভিযোগ জানান, ছাগল চোরকে হাতেনাতে পাকড়াও করে পুলিশের হাতে তুলে দেওয়া হলেও অভিযুক্ত ছাড়া পেয়ে যায়। এক্ষেত্রে পুলিশের দুর্বলতা রয়েছে



বলে বিক্ষোভকারীরা অভিযোগ করেছেন। একই সাথে একটি অপহরণের ঘটনা নিয়েও তারা সরব হয়েছেন। অরুণ হালদারের নেতৃত্বে সকাল ১১টা নাগাদ যাত্রাপুর থানার সামনে এসে ভিড় জমান। ওই সংগঠনের নেতা-কর্মীরা। থানার সামনে দাঁড়িয়ে কিছু সময় তারা স্লোগান দিতে থাকে। তবে থানার ভেতরে গিয়ে কোন লিখিত অভিযোগ জমা দেওয়া হয়নি। পুলিশ জানিয়েছে, যে অভিযুক্তকে তারা আটক করেছিলেন তার বিরুদ্ধে কেউ লিখিত অভিযোগ করেননি। যে কারণে পুলিশ অভিযুক্তকে আটক করে রেখেও ছেড়ে দিতে বাধ্য হয়। অপহরণ কান্ড নিয়ে পুলিশের বক্তব্য, ঘটনাটির তদন্ত চলছে। বিক্ষোভকারীরা যে দুইটি ঘটনার প্রসঙ্গ তুলে ধরেছিলেন সেগুলি অনেক পুরোনো। তাই হঠাৎ করে পুরোনো ইস্যুগুলি নিয়ে হিন্দু নাগরিক সমাজের বিক্ষোভের পেছনে অন্য কোন কারণ লুকিয়ে আছে কি না তা এখনও স্পষ্ট নয়।

উদ্বোধন নিয়ে এখনও পর্যন্ত কোথাও কোন ঝামেলার সৃষ্টি হয়নি।

## এইচএফটি'র রক্তদান শিবির

প্রতিবাদী কলম প্রতিনিধি, আগরতলা, ১১ জুন।। হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে আগরতলা জিবি হাসপাতালের ব্লাড ব্যাঙ্ক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই পর্বে উপস্থিত ছিলেন, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা ডা. চিন্ময় বিশ্বাস, এজিএমসি'র অধ্যক্ষ অধ্যাপক কে কে কুণ্ডু, এমএস ডা. সঞ্জীব দেববর্মা, ডিএমএস ডা. শঙ্কর চক্রবর্তী, ডা. প্রদীপ ভৌমিক সহ অন্যান্যরা। এদিনের রক্তদান শিবির ঘিরে ব্যাপক সাড়া লক্ষ্য করা গেছে। বর্তমানে করোনা পরিস্থিতিতে রক্তের সংকট চলছে। এই রক্তের সংকট নিরসনে রক্তদান শিবিরের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। বিভিন্ন সংগঠন রক্তদানের মত কর্মসূচিতে অংশ নিয়েছে। আগামী ১৪ জুন বিশ্ব রক্তদাতা দিবস। ওইদিন বিভিন্ন সংগঠন নিজেদের মত করে রক্তদান শিবিরের আয়োজন করেছে। ব্লাড ব্যাঙ্কগুলোর তরফে রক্তদান শিবিরের আয়োজন করার জোরালো দাবি রাখা হয়েছে। তবে বিভিন্ন সংগঠন যারা নিয়মিত রক্তদান শিবিরের আয়োজন করছে তারা রক্তের সংকট নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে অনেকেই দাবি করছে। তবে আরও বেশি করে রক্তদান শিবিরের আয়োজন করার জোরালো দাবি উঠেছে। স্বেচ্ছাসেবী সংগঠনগুলো রক্তদান শিবিরের মত কর্মসূচিকে আরও ব্যাপক স্তরে নিয়ে যাওয়ার ভূমিকা পালন করলে রক্তের সংকট নিরসন সম্ভব বলে অনেকেই মনে করছে।